



গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়
গোপালগঞ্জ।

Web Site: www.gopalgongjapourashava.org

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-গোপৌ:/প্রবি:/

তারিখঃ

প্রাপকঃ -----

ও সদস্য, বিবাদ মিমাংসা কমিটি

গোপালগঞ্জ পৌরসভা।

বিষয় : বিবাদ মিমাংসা কমিটির (GRC) সভায় আংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে আগামী ২০/০৩/২০১৯ ইং তারিখ বেলা ১১:০০ ঘটিকায় পৌরসভা সভাকক্ষে বিবাদ মিমাংসা কমিটির (GRC) সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

মোহাম্মাদ নাজমুল হাসান

আহব্বায়ক

জি,আর,সি কমিটি

গোপালগঞ্জ পৌরসভা

ও

সভাপতি

বিবাদ মিমাংসা কমিটি।

গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়
গোপালগঞ্জ

UGIP-III এর আওতাভুক্ত G.R.C সভার কার্য বিবরণী:-

বিষয় :- ২০/০৩/২০১৯ইং তারিখের G.R.C কমিটির সভার কার্যবিবরণী:-





সভা অনুষ্ঠানের তারিখ :- ২০/০৩/২০১৯ইং

সময় :- ১১:০০ ঘটিকায়

সভার স্থান :- পৌরসভার সভাকক্ষ

সভার সভাপতি :- জনাব, মোহাম্মাদ নাজমুল হাসান।

সভার উপস্থিতি :-

ক্রমিক নং	নাম	পদবি /ঠিকানা	সদস্যপদ	স্বাক্ষর
০১	জনাব মোহাম্মাদ নাজমুল হাসান	পানেল মেয়র - ০১ গোপালগঞ্জ পৌরসভা	আহ্বায়ক	
০২	ক্রমিক নং ০২	ক্রমিক নং ০২, ০২.১২, ৬	সদস্য	
০৩	মো:জুলফিকার আলী মোল্লা	বস্তি উন্নয়ন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা	সেফগার্ড ফোকাল পারসন	
০৪	স্যামুয়েল এস বালা	Y,M,C,A গোপালগঞ্জ পৌরসভা	সম্মানিত সদস্য	
০৫			বিশেষ ভাবে আমন্ত্রিত ব্যক্তি	

গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়
গোপালগঞ্জ

UGIP-III এর আওতাভুক্ত G.R.C সভার কার্য বিবরণীঃ-

বিষয় ঃ- ২০/০৩/২০১৯ইং তারিখের G.R.C কমিটির সভার কার্যবিবরণীঃ-

সভা অনুষ্ঠানের তারিখ	ঃ ২০/০৩/২০১৯ইং
সময়	ঃ সকাল ১১:০০ ঘটিকায়
সভার স্থান	ঃ পৌরসভার সভাকক্ষ
সভার সভাপতি	ঃ জনাব, মোহাম্মাদ নাজমুল হাসান।

আলোচ্য বিষয় ঃ-

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিভিন্ন অভিযোগ নিয়ে আলোচনা।
৩. নবিনবাগে পানির লাইন মেরামত করা প্রসঙ্গে।
৪. মান্দারতলায় সড়ক বাতি মেরামত করা প্রসঙ্গে।
৫. বটতলা এলাকার একটি ড্রেন পরিষ্কার করা প্রসঙ্গে।
৬. কুয়াডাঙ্গা এলাকায় সড়ক বাতি মেরামত করা প্রসঙ্গে।
৭. বিবিধঃ

আলোচনা ও সিদ্ধান্ত : ০১ নং আলোচ্যসূচি অনুযায়ী সভার শুরুতে অত্র সভার সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সেফগার্ড ফোকাল পার্সনকে সভার কাজ শুরু করার অনুরোধ জানান। এর পর সেফ গার্ড ফোকাল পার্সন বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং উপস্থিত সকলকে বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী থাকলে তা বলার অনুরোধ জানান। বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০২নং আলোচ্যসূচি অনুযায়ী অত্র সভার সভাপতি সাহেব সেফগার্ড ফোকাল পার্সনকে আলোচ্যসূচি অনুযায়ী অভিযোগ সংক্রান্ত বিষয় উপস্থাপনের অনুরোধ জানান। এর পর সেফ গার্ড ফোকাল পার্সন সভাকে অভিহিত করেন যে, অত্র পৌরসভার বিভিন্ন এলাকা থেকে চলতি মাসে মোট ০৯টি অভিযোগ পাওয়া যায়, এর মধ্য ০৪টি অভিযোগ আমলে নেওয়া হয়। যাহা বিস্তারিত ভাবে আলোচনান্তে ০৪টি অভিযোগ তাৎক্ষণিকভাবে নিরসন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৩নং আলোচ্যসূচী ঃ নবিনবাগে পানির লাইন মেরামত করা প্রসঙ্গেঃ G.R.C কমিটির সেফ গার্ড ফোকাল পার্সন সভাকে অভিহিত করেন যে, গোপালগঞ্জ পৌর এলাকার নবিনবাগে পানির লাইনে সমস্যা। যাহার ফলে এলাকার মানুষের সমস্যা সৃষ্টি হচ্ছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নবিনবাগের পানির লাইনটি দ্রুত সমাধানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৪নং আলোচ্যসূচী অনুযায়ী গোপালগঞ্জ পৌর এলাকার মান্দারতলায় সড়ক বাতি নষ্ট হওয়ার কারণে রাতে পথচারীদের চলাচলের অসুবিধা হয় এবং দুর্ভাগ্যবশত উপদ্রপ বৃদ্ধি পাওয়ায় এলাকার বাসিন্দাদের অভিযোগের প্রেক্ষিতে ০৩ দিনের মধ্যে অত্র এলাকায় একটি সড়ক বাতি মেরামতের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫নং আলোচ্যসূচী অনুযায়ী গোপালগঞ্জ পৌর এলাকার বটতলা এলাকার একটি ড্রেন অপরিষ্কার থাকায় সামান্য বৃষ্টি হওয়াতেই পানি জমে যায়। পানি জমার কারণে এলাকার লোকজন অনেক দুর্ভোগ পোহাতে হয়। এমতাবস্থায় বটতলা এলাকার ড্রেনটি পরিষ্কার করা আবশ্যিক। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে বটতলা এলাকার ড্রেনটি পরিষ্কার করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৬নং আলোচ্যসূচী অনুযায়ী গোপালগঞ্জ পৌর এলাকার কুয়াডাঙ্গা এলাকায় সড়ক বাতি নষ্ট হওয়ার কারণে রাতে পথচারীদের চলাচলের অসুবিধা হয় এবং দুর্ভাগ্যবশত উপদ্রপ বৃদ্ধি পাওয়ায় এলাকার বাসিন্দাদের অভিযোগের প্রেক্ষিতে ০৩ দিনের মধ্যে অত্র এলাকায় একটি সড়ক বাতি মেরামতের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭নং আলোচ্যসূচী বিধি অনুযায়ী আর কোন আলোচনা না থাকায় অত্র সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মাদ নাজমুল হাসান

প্যানেল মেয়র-০১

গোপালগঞ্জ পৌরসভা ও

আহুসায়ক, জি,আর,সি UGIIP-III

গোপালগঞ্জ পৌরসভা, গোপালগঞ্জ

